

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
ক্রীড়া-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০২.২০১৭(অংশ-২)-৪১১

২৪ জ্যৈষ্ঠ, ১৪২৪  
তারিখ : -----  
০৭ জুন, ২০১৭

প্রেরক : সিরাজুছ ছালেকীন  
সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
সচিবালয় ভবন, ৩য় ফেজ,  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানের অনুকূলে আর্থিক অনুদান অবমুক্তকরণ প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, খেলাধুলা পরিচালনা/মাঠ সংস্কারের জন্য ২০১৬-২০১৭ অর্থবছরে ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান এর অনুদান মঞ্জুরী কোডে বরাদ্দকৃত টাকা হতে এতদ্বারা নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পার্শ্ব বর্ণিত পরিমাণ অর্থ অনুদান মঞ্জুরী প্রদান করা হলো :

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	টাকার পরিমাণ
০১	সভাপতি, শতদল ক্লাব, বেগমগঞ্জ, নোয়াখালী।	২০,০০০/-
০২	সুপার, ধীতপুর দারুল উলুম দাখিল মাদরাসা, বেগমগঞ্জ, নোয়াখালী।	২০,০০০/-
	মোট=	৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা

- ২। মঞ্জুরীকৃত এ অর্থ ২০১৬-২০১৭ অর্থবছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুন্নয়ন বাজেটের ৩-৩৬০৫-৩৫১৫-৫৯০০-৫৯০১-সাধারণ মঞ্জুরী খাত হতে মিটানো হবে। এ অর্থ ব্যয়ে যাবতীয় বিধিবিধান এবং নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে। খেলাধুলা পরিচালনা/ক্রীড়া সামগ্রী ক্রয়/মাঠ সংস্কার ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না।
- ৩। জেলা প্রশাসক, নোয়াখালী ট্রেজারী হতে টাকা উত্তোলনপূর্বক সংশ্লিষ্ট কমিটি/প্রতিষ্ঠান প্রদানের নিকট হতে আবেদন প্রাপ্তির পর চেকের মাধ্যমে টাকা বিতরণ করবেন;
- ৪। সরকারী বিধি মোতাবেক প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়ন করতে হবে।
- ৫। প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট জেলা প্রশাসক তত্ত্বাবধান করবেন; প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তা সমন্বয়ে তদারকি টিম গঠন করতে পারবেন।


(সিরাজুছ ছালেকীন)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৭৫৫১০  
তারিখ : ০৭-০৬-২০১৭খ্রিঃ।

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০২.২০১৭(অংশ-২)-৪১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রদান করা হলো :

০১. জেলা প্রশাসক, নোয়াখালী।
০২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।
০৩. সভাপতি, শতদল ক্লাব, বেগমগঞ্জ, নোয়াখালী।
০৪. সুপার, ধীতপুর দারুল উলুম দাখিল মাদরাসা, বেগমগঞ্জ, নোয়াখালী।

টোকেন নং-১০৮  
তারিখ : ০৭-০৬-২০১৭

  
(সিরাজুছ ছালেকীন)  
সহকারী সচিব